২৮৮

দৈনিক ইত্তেফাক

তারিখ ... NOV. 04 1999
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৫

# সাতক্ষীরা সরকারী কলেজে শিক্ষক সংকট ॥ লেখাপড়া ব্যাহত

সাতক্ষীরা সংবাদদাতা ॥ সাতক্ষীরা সরকারী কলেজের শিক্ষার পরিবেশ চরমভাবে ব্যাহত হইতেছে। শিক্ষক স্বল্পতা আর প্রশাসনিক ত্রুটি জনিত কারণে এই অবস্থার সৃষ্টি হইয়াছে। কার্যদিবসের সংখ্যা কমিয়া যাওয়ায় এবং কার্যদিবসে যথারীতি ক্লাস না হওয়ায় ছাত্র-ছাত্রীরা মানসম্মত শিক্ষা গ্রহণ হইতে বঞ্চিত হইতেছে। কলেজটিতে ৮টি বিষয়ে অনার্স কোর্স চালু করিলেও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করা হয় নাই। পূর্ব হইতেই কলেজটিতে ছাত্রসংখ্যা ও ক্লাস অনুপাতে শিক্ষক কম ছিল। দুই

( ৯ম পৃঃ দ্রঃ)

## সাতক্ষীরা সরকারী কলেজের

(৩য় পৃঃ পর)

সহস্রাধিক ছাত্র-ছাত্রীর কলেজটিতে মাত্র ২ জন ইংরেজী বিষয়ের শিক্ষক রহিয়াছে। এই দুইজন শিক্ষকের পক্ষে সব ক্লাস নেওয়া ও নিয়মিত টিউটোরিয়াল ক্লাস ও খাতা দেখা সম্ভব হইতেছে না। ফলে ইংরেজী বিষয়ে অধিকাংশ ছাত্র-ছাত্রী অকৃতকার্য হইতেছে। ইহাতে ক্যাজুয়াল ছাত্র-ছাত্রীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতেছে। এমন অনেক বিভাগ আছে যেখানে ১ জন মাত্র শিক্ষক। আবার অনেক বিভাগে ৩ জন শিক্ষক থাকিলেও ২ জন শিক্ষককে ৩ মাসের জন্য ফাউণ্ডেশন ট্রেনিংয়ে বাহিরে যাইতে হয়। অনার্স কোর্সের জন্য কমপক্ষে ৫ জন শিক্ষকের প্রয়োজন হয়। কিন্তু কলেজে কোন বিভাগেই ৫ জন শিক্ষক নাই। অনার্সের ক্লাস নেওয়ার জন্য একজন শিক্ষকের যে পূর্ব প্রস্তুতি গ্রহণের দরকার হয় সেই সুযোগ শিক্ষকরা পায় না। ফলে অনার্সের ছাত্র-ছাত্রীরা অধিকাংশ ক্ষেত্রে কিছুই বুঝিতে পারে না। শিক্ষকরাও কোন-রকম দায়সারাভাবে ক্লাস করিয়া থাকে। ইহাতে ছাত্র-ছাত্রীদের মধ্যে হতাশা দেখা দেয়। অনার্স পরীক্ষার সময় উচ্চ মাধ্যমিক ও স্নাতক ক্লাস-সমূহ বন্ধ থাকে। ফলে কলেজের স্বাভাবিক কার্যদিবসের একটি অংশ বাদ পড়িয়া যায়। কারণে অকারনে ক্লাস সাসপেণ্ড করা হয়। পাঠ্য সুচি অনুযায়ী কোন বিভাগেই শিক্ষকরা পাঠদান সমাপ্ত করিতে পারেন না। অথচ ছাত্র-ছাত্রীদেরকে যথাসময়ে পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হয়। প্রকৃত অর্থে লেখাপড়া ও জ্ঞান অর্জনের জন্য যে সুযোগ ও পরিবেশের দরকার তাহা বর্তমানে সাতক্ষীরা সরকারী কলেজে নাই। ১৯৪৬ সালে সাতক্ষীরা সরকারী কলেজ প্রতিষ্ঠিত হওয়ার পর ৫৩ বৎসর অতিক্রান্ত হইয়াছে। এই দীর্ঘ সময়ে এই কলেজের কোন শিক্ষকই দক্ষ ও সম্মানীত শিক্ষক হিসাবে দেশে বা সমাজে আত্মতৃপ্তি লাভ করিতে পারে নাই বলিয়া জানা যায়। জেলার সর্ববৃহত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে পরিচিত সরকারী কলেজটিতে শিক্ষার পরিবেশ ভালো বলিয়া কোন স্বীকৃতি আজও পায় নাই। কলেজের ষ্টাফ কাউন্সিল এবং একাডেমিক কাউন্সিল ছাত্র ও অভিভাবকদের আস্থা অর্জন করিতে পারে নাই। কলেজটির উন্নয়ন, শিক্ষার পরিবেশ, আবাসিক ছাত্রাবাসের সমস্যা নিরসনের ক্ষেত্রে তাহাদের ভূমিকা খুবই দুর্বল। সাতক্ষীরা সরকারী কলেজের বেহাল অবস্থার কারণে অনেক অভিভাবকই তাহাদেরছ ছাত্র-ছাত্রীদের অন্যত্র রাখিয়া লেখাপড়া করাইতে বাধ্য হইতেছে।